BENGALI

INQUEST
TRUTH, JUSTICE AND ACCOUNTABILITY

গ্রেনফেল টাওয়ার অগ্নিকান্ডে প্রিয়জন-বিয়োগে শোকগ্রস্ত পরিবারদের জন্য তথ্য

পঁয়ত্রিশ (35) বছরেরও বেশি সময় ধরে ইনকোয়েস্ট (INQUEST) বিতর্কিত মৃত্যু এবং প্রিয়জন বিয়োগে শোকগ্রস্ত মানুষজন, জনগোষ্ঠী, আইনজীবী এবং স্বেচ্ছাসেবী ক্ষেত্রকে বিনামূল্যে গোপনীয় পরিষেবা দিয়ে আসছে। আমরা সরকারি হস্তক্ষেপ থেকে স্বাধীন। এর অর্থ হল গ্রেনফেল টাওয়ার এর অগ্নিকাণ্ড বিষয়ে এখন যে বিভিন্ন তদন্ত চলছে সে সম্পর্কে পরামর্শ দেওয়ার ক্ষেত্রে আমাদের অবস্থানটি অনন্য।

যে আইনি প্রক্রিয়াগুলি চলছে তার মাধ্যমে যাতে সত্য, ন্যায় প্রতিষ্ঠিত হয় এবং যাঁরা এই ঘটনার জন্য দায়ী তাঁদের দোষী সাব্যস্ত করা যায়, তা নিশ্চিত করার চেষ্টায় আমরা কাজ করব।

এই প্রচারপত্রটির লক্ষ্য হল আমরা পরিবারদের কাছে এখনই যে প্রশ্নগুলি শুনতে পাচ্ছি তার কতগুলির উত্তর দেওয়া। আমাদের আরও পরামর্শ হল আপনাদের অধিকার রক্ষার জন্য আপনারা **যত শীঘ্র সম্ভব বিশেষজ্ঞ আইনজীবীর কাছ থেকে আইনি পরামর্শ চান।** আমাদের INQUEST এর আইনজীবীদের দলের মধ্যে থেকে সঠিক আইনজীবী খুঁজে নেওয়ার জন্য আমরা আপনাকে সাহায্য করতে পারি। এর জন্য এবং অন্যান্য পরামর্শের জন্য আপনি INQUEST-এ আমাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন:

টেলিফোন: **020 7263 1111**

ই-মেল: inquest@inquest.org.uk

ওয়েবসাইট: www.inquest.org.uk

(অনুগ্রহ করে মনে রাখবেন যে যদি আমরা অন্য একটি টেলিফোন কল-এ ব্যস্ত থাকি, তাহলে আপনাদের অনুসন্ধানগুলি ধরে রাখার জন্য আমরা একটি আনসারিং মেশিন ব্যবহার করি; আপনি যদি বার্তা রেখে দেন, তাহলে আমরা ফিরে আপনাকে কল করব।)

আমাদের INQUEST এর পুস্তিকায় আরও বিস্তারিত তথ্য পাওয়া যাবে। আপনার ইন্টারনেট ব্রাউজার-এ নিম্নলিখিত ওয়েব ঠিকানাটি লিখুন: bit.ly/InquestHandbook

অপরাধমূলক কাজের ক্ষেত্রে কোনো তদন্ত হবে কি?

কী পরিস্থিতিতে এই বিরাট দুর্ঘটনা ঘটল সে বিষয়ে মেট্রোপলিটান পুলিশ অপরাধমূলক কাজ সংক্রান্ত একটি তদন্ত শুরু করেছে। পুলিশের তদন্ত শেষ হতে কয়েক মাস সময় লাগতে পারে। এর পরে সেটি ক্রাউন প্রসিকিউশন সার্ভিস-কে হস্তান্তর করা হবে যাতে সিদ্ধান্ত নেওয়া যায় যে দুর্ঘটনার পিছনে কোনো ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের অপরাধমূলক ক্রিয়াকলাপ আছে কি না।

পুলিশ কি নরহত্যার অভিযোগ খতিয়ে দেখবে?

যে সব অপরাধ বিবেচনাধীন থাকবে তার অন্তর্ভুক্ত হল গুরুতর অবহেলাজনিত নরহত্যা অথবা কর্পোরেটকৃত নরহত্যা। যদি পুলিশ/CPS এর বিবেচনায় যথেষ্ট সাক্ষ্যপ্রমাণ আছে বলে মনে হয়, তাহলে স্বাভাবিকভাবেই বিচার প্রক্রিয়া শুরু হবে। যদি তাঁরা বিবেচনা করেন যে যথেষ্ট সাক্ষ্যপ্রমাণ নেই, তাহলে ক্ষতিগ্রস্তদের অধিকার থাকবে সেই সিদ্ধান্তের পুনঃপর্যালোচনার জন্য আবেদন করার।

সরকারি তদন্ত হবে কি?

সরকার সম্পূর্ণ সরকারি তদন্তের বিষয়ে ঘোষণা করেছে। দুর্ঘটনার শিকার হওয়া এবং রক্ষা পাওয়া ব্যক্তিরা যতটা পূর্ণ ভূমিকা নিতে চান তাঁরা যাতে তা করতে পারেন, সেই লক্ষ্যে তাঁরা আইনি প্রতিনিধিত্বের জন্য অর্থ পাওয়ার অধিকারী হবেন। তদন্তের বিচার্য বিষয় স্থির করার জন্য তাঁদের একটি সুযোগ দেওয়া হবে।

তদন্তে শপথ সাপেক্ষে সাক্ষ্যপ্রমাণ শোনা হবে এবং অংশগ্রহণকারীরা এই সাক্ষ্যপ্রমাণ সম্পর্কিত জিজ্ঞাসাবাদ করতে পারবেন। এই তদন্তে অন্তর্বর্তীকালীন সিদ্ধান্ত নেওয়া যাবে যার মধ্যে অন্যতম হল অনুরূপ নির্মাণের সমস্যাযুক্ত অন্যান্য ব্লক এর বাসিন্দাদের সুরক্ষিত করার সর্বাধিক দ্রুত পদ্ধতি।

যাঁরা একটি ভূমিকা পালন করতে চান, তাঁরা "কেন্দ্রীয় অংশগ্রহণকারী" হওয়ার জন্য আবেদন করতে পারেন। এর অন্তর্ভুক্ত হলেন সেই সব ব্যক্তি যাঁরা এই বিষয়ে "প্রত্যক্ষ

এবং তাৎপর্যপূর্ণ ভূমিকা" পালন করেছেন অথবা তা করে থাকতে পারেন এবং যাঁদের "তাৎপর্যপূর্ণ স্বার্থ" আছে।

কেন্দ্রীয় অংশগ্রহণকারীরা তদন্তের যে কোনো সাক্ষীকে প্রশ্ন করার জন্য আবেদন করতে পারেন; তদন্ত প্যানেল এর কাছে সূচনা এবং সমাপ্তির বিবৃতি পেশ করতে পারেন এবং তদন্ত রিপোর্ট এর একটি প্রতিলিপি পেতে পারেন।

তদন্তটি কি নিরপেক্ষ হবে?

আমরা আশা করি ক্ষতিগ্রস্তদের জন্য যে শক্তিশালী আইনি প্রতিনিধিত্বের ব্যবস্থা করা হয়েছে তার মাধ্যমে নিরপেক্ষতা এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সমর্থ হওয়ার ক্ষেত্রে এই তদন্ত ক্ষতিগ্রস্ত এবং রক্ষাপ্রাপ্তদের উদ্বেগ নিরসন করতে পারবে।

আপনি যত শীঘ্র আইনি প্রতিনিধিত্ব চাইবেন, ততই আপনার মতামত শোনার সম্ভাবনা বাড়বে।

সরকারি তদন্তকে স্বাগত জানিয়ে আমরা যে সম্পূর্ণ বিবৃতি জারি করেছি তা দেখতে আপনার ইন্টারনেট ব্রাউজার-এ নিম্নলিখিত ওয়েব ঠিকানাটি লিখুন: bit.ly/GrenfellInquiry

ময়না তদন্ত কী?

ময়না তদন্ত হল ব্যক্তিরা কে ছিলেন এবং কোথায়, কখন এবং কীভাবে তাঁদের মৃত্যু হয়েছিল তা প্রতিষ্ঠিত করার জন্য তথ্য সংগ্রহের একটি অনুসন্ধান। এটি একটি আইনি পদ্ধতি যার সভাপতিত্ব করেন একজন শবপরীক্ষক অর্থাৎ করোনার, কখনও সখনও একটি জুরি বা নির্ণায়ক সভার সঙ্গে।

এক্ষেত্রে শবপরীক্ষক অর্থাৎ করোনার হলেন ইনার ওয়েস্ট লণ্ডন করোনার্স কোর্ট এর HM সিনিয়ার করোনার ডঃ ফিওনা উইলকক্স। করোনারকে অবশ্যই বিবেচনা করতে হবে ভবিষ্যতে অনুরূপ পরিস্থিতিতে মৃত্যু প্রতিরোধ করা যায় কি না এবং তিনি সেই লক্ষ্যে পরিবর্তনের জন্য সুপারিশ করতে পারেন। শুনানিগুলি উন্মুক্ত আদালতে অনুষ্ঠিত হবে এবং পরিবারদের প্রতিনিধিত্ব রাখা যেতে পারে।

কখন ময়না তদন্ত হবে?

শব উদ্ধার ও শনাক্ত হওয়ার সাথে সাথে শবপরীক্ষক ময়না তদন্ত চালু করবেন। সাধারণত একটি সংক্ষিপ্ত শুনানি এই প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হয় যেখানে উন্মুক্ত আদালতে মৃত ব্যক্তির নাম, বয়স ও অতি সংক্ষিপ্ত বিবরণ এবং মৃত্যুর প্রাথমিক কারণ পাঠ করা হয়। একই সময়ে একাধিক ময়না তদন্ত শুরু করা হতে পারে। এরপরে অপরাধমূলক ঘটনার তদন্ত এবং সরকারি তদন্তের স্বার্থে শবপরীক্ষক ময়না তদন্তটি মুলতুবি রাখবেন কারণ সেগুলি প্রথমে হওয়া প্রয়োজন। একবার অপরাধমূলক ঘটনার তদন্ত এবং অনুসন্ধান শেষ হলে শবপরীক্ষক অর্থাৎ করোনার সিদ্ধান্ত নেবেন যে ময়না তদন্তের প্রয়োজন আছে কি না এবং তা পুনরায় শুরু করা উচিত কি না।

আমি কীভাবে নিখোঁজ ব্যক্তি সম্পর্কে জানাব?

নিখোঁজ আত্মীয়স্বজন সম্পর্কিত জিজ্ঞাসাগুলি ব্যক্তিগতভাবে West London এর Westway Sports Centre-এ উপস্থিত হয়ে **মেট্রোপলিটান পুলিশ ক্যাজুয়াল্টি ব্যুরো (Metropolitan Police casualty bureau)**-কে অথবা **0800 0961 233** নম্বরে ক্যাজুয়াল্টি ব্যুরোকে টেলিফোন করে জানাতে হবে।

যদি আপনি কোনো নিখোঁজ ব্যক্তি সম্পর্কে জানিয়ে থাকেন এবং তারপরে আপনার সঙ্গে তাঁর পুনর্মিলন ঘটে থাকে, তাহলেও আপনার ক্যাজুয়াল্টি ব্যুরো (casualty bureau)-কে জানানো উচিত।

গ্রেনফেল টাওয়ার-এ সব মৃত্যুর বিষয়ে করোনার-কে জানানো হবে। যেখানে শনাক্তকরণ হবে, সেখানে ফ্যামিলি লিয়েজঁ অফিসার নিকটাত্মীয়ের সঙ্গে যোগাযোগ করবেন। যদি নিখোঁজ ব্যক্তি সম্পর্কে জানানোর পরে আপনার সঙ্গে যোগাযোগ না করা হয়, তাহলে তা যাঁরা মারা গেছেন তাঁদের দেহ উদ্ধার করা এবং শনাক্ত করা সংক্রান্ত অসুবিধার কারণে হতে পারে। আমরা জানি প্রতিটি দিন অতিবাহিত হওয়ার সঙ্গে সঙ্গে এই বিষয়টি পরিবারগুলির পক্ষে অত্যন্ত দুঃখের কারণ হয়ে ওঠে। INQUEST করোনার্স কোর্ট এবং ক্যাজুয়াল্টি ব্যুরো'র সঙ্গে যোগাযোগ রাখছে এবং এই বিষয়ে আপনাকে সাহায্য করতে পারে।

আমার আত্মীয়ের শবের দায়িত্ব কার?

যখন বিভিন্ন পরীক্ষা চলছে, তখন শব করোনার এর নিয়ন্ত্রণে থাকে এবং তাঁর অনুমতি ছাড়া শব অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য ছাড়া যায় না।

শব ছেড়ে দেওয়া এবং ময়না তদন্ত সংক্রান্ত জিজ্ঞাস্য থাকলে **করোনার্স অফিসকে** জানানো যেতে পারে। এঁদের নম্বর হল **020 7802 4750**, কিন্তু আপাতত প্রশ্নগুলি উপরোক্ত ক্যাজুয়াল্টি ব্যুরো'র উদ্দেশেই পাঠাতে হবে।

আমি কি ময়না তদন্ত বন্ধ করতে পারি?

ময়না তদন্ত সাধারণত খুব দ্রুত করা হয়। যদি আপনি ময়না তদন্তের বিরোধী হন, তাহলে করোনার'কে যত শীঘ্র সম্ভব জানাবেন যাতে বিকল্পগুলি বিবেচনা করা যায়। যদি করোনার সিদ্ধান্ত নেন যে ময়না তদন্তের প্রয়োজন নেই, তাহলে তিনি তা না করেই শব ছেড়ে দিতে পারেন।

আমি কী শবটি দেখতে পারি?

সাধারণত হ্যাঁ এবং এর ব্যবস্থা করোনার এর অফিস থেকে করা হয়। কোনো কোনো পরিস্থিতিতে, যেমন যেখানে এমন মারাত্মক আঘাত আছে যা শারীরিক বিকৃতি ঘটায়, সেখানে করোনার এই পরামর্শ দিতে পারেন যে পরিবারের শব দেখা উচিত হবে না অথবা আপনি যেভাবে শবটি দেখতে পারেন তার সীমা নির্ধারণ করে দেওয়া হবে (যেমন, কাঁচের প্যানেল এর পিছন থেকে)। আপনি এই পরামর্শ নেবেন কি না তা আপনার ওপরই নির্ভর করবে। আপনি যদি মনে করেন যে আপনাকে আত্মীয়ের শব দেখতে বাধা দেওয়া হচ্ছে, তাহলে আপনার আইনি পরামর্শ নেওয়া উচিত।

কে শব শনাক্ত করবেন?

পরিবারের সদস্য অথবা ঘনিষ্ঠ বন্ধু চোখে দেখে শবটি শনাক্ত করতে পারেন কিন্তু যদি তা সম্ভব না হয়, তাহলে বিকল্প ব্যবস্থা নেওয়া হবে যেমন, আঙুলের ছাপ অথবা দাঁতের রেকর্ড পরীক্ষা করা অথবা DNA এর নমুনা।

করোনার কি মৃত্যুর সাথে সম্পর্কিত ভিন্ন ভিন্ন সাংস্কৃতিক এবং ধর্মীয় বিশ্বাস ও রীতিগুলিকে স্বীকার করবেন?

করোনারকে আপনার বিশ্বাস এবং রীতিগুলি সম্পর্কে জানানো গুরুত্বপূর্ণ যাতে আইনি কাঠামোর মধ্যে তাঁরা আপনার প্রয়োজনগুলি সম্পর্কে সংবেদনশীল থাকতে পারেন।

কখন আমি অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যবস্থা করতে পারি?

করোনার শব ছেড়ে দিতে রাজি না হওয়া পর্যন্ত অন্ত্যেষ্টিক্রিয়া হতে পারে না, তবে আপনার পছন্দের ফিউনারাল ডাইরেক্টর এর সঙ্গে তাড়াতাড়ি যোগাযোগ করা সহায়ক হতে পারে যিনি ওই ব্যবস্থা করার ক্ষেত্রে আপনাকে ব্যবহারিক সাহায্য করতে পারবেন। যদি খরচগুলি ফেরত পাওয়ার দাবি জানানোর সুযোগ থাকে, তাহলে আপনার সব রসিদ রেখে দেওয়া উচিত।

অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যবস্থা সম্পর্কিত আরও তথ্য আপনি এখানে পাবেন: https://www.gov.uk/after-a-death/arrange-the-funeral

আমার কি মৃত্যুর প্রমাণপত্র অর্থাৎ ডেথ সার্টিফিকেট এর প্রয়োজন হবে?

মৃত্যুর প্রমাণপত্র একটি আইনি নথি যা মৃত ব্যক্তি সম্পর্কিত বিস্তারিত তথ্য এবং তাঁর মৃত্যুর কারণ নথিভুক্ত করতে জন্ম-মৃত্যু নিবন্ধক অর্থাৎ রেজিস্ট্রার অব বার্থস্ অ্যাণ্ড ডেথস্ এর কাছে পাঠানো হয়। শব শনাক্ত করা হলে এবং অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য শব ছেড়ে দেওয়ার সময় করোনার একটি অন্তর্বর্তীকালীন সার্টিফিকেট দেবেন। মৃত্যুর পরবর্তী সময়ে প্রশাসনিক পদ্ধতিগুলি যেমন, ব্যাঙ্ক অ্যাকাউন্ট বন্ধ করা, বেনিফিট এজেন্সিকে জানানো, ইচ্ছাপত্র-প্রমাণক অর্থাৎ প্রোবেট নেওয়ার সময় আপনার এটি প্রয়োজন হতে পারে।

আবাসন এবং অন্যান্য সহায়তা সংক্রান্ত আমার পরিবারের তাৎক্ষণিক প্রয়োজনগুলির কী হবে?

আমরা এবিষয়ে সচেতন যে বহু প্রতিষ্ঠান সাহায্য করতে একান্ত আগ্রহী। নর্থ কেনসিংটন ল সেন্টার (North Kensington Law Centre) সাহায্যের এই উদ্যোগগুলির মধ্যে সমন্বয়সাধন করতে এবং এটা নিশ্চিত করতে চেষ্টা করছে যাতে আপনার আবাসন সংক্রান্ত প্রয়োজন, অভিবাসন সম্পর্কিত পরিস্থিতি, সমাজকল্যাণ সম্পর্কিত আর্থিক সুযোগ-সুবিধা অথবা আপনার পরিবারের তাৎক্ষণিক আর্থিক প্রয়োজনগুলি সম্পর্কে আপনি দরকারি পরামর্শ পান। **নর্থ কেনসিংটন ল সেন্টার এর সঙ্গে যোগাযোগ করুন:** Unit 15, Baseline Studios, Whitchurch Rd, London W11 4AT। টেলিফোন করুন 020 8969 7473-এ অথবা দেখুন www.nklc.co.uk।

এর পরে কী হবে?

সরকারি অনুসন্ধান এবং অপরাধমূলক কাজ সংক্রান্ত চলতে থাকা তদন্ত শেষ হতে কিছু সময় লাগবে। এই প্রক্রিয়াগুলি কষ্টকর এবং হতাশাজনক হতে পারে কিন্তু আমরা সহায়তা এবং পরামর্শ দেওয়ার জন্য আছি।

বিশেষজ্ঞের পরামর্শ এবং আইনি প্রতিনিধি খুঁজে পাওয়ার ক্ষেত্রে সাহায্যের জন্য INQUEST-এ আমাদের সঙ্গে যোগাযোগ করুন:

টেলিফোন **020 7263 1111**